DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 17 Jul 2026, 12:42 AM

জাতীয়

# জুলাই শহীদদের চেতনা নিয়ে গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলা হবে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

প্রতিবেদক: Dhaka Probe
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৬ জুলাই ২০২৬, ১১:১৩ PM



ছবি: সংগৃহীত

ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনের প্রথম শহিদ আবু সাঈদ ও ওয়াসিম আকরামসহ জুলাই গণঅভ্যুত্থানের সকল শহিদের চেতনাকে ধারণ করে আগামী দিনে একটি সমৃদ্ধ গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী আহমেদ আযম খান।

১৬ই জুলাই (বৃহস্পতিবার) সকাল ৬:০১ মিনিটে রায়ের বাজার বধ্যভূমিতে জুলাই শহিদ গণকবরে পুষ্পস্তবক অর্পণ ও শহিদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া-মোনাজাত শেষে সাংবাদিকদের সামনে মন্ত্রী এ প্রত্যয় ব্যক্ত করেন। এ সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. আশরাফুল ইসলামসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

শ্রদ্ধা নিবেদন শেষে মন্ত্রী আহমেদ আযম খান বলেন, "আজকের এই দিনে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে প্রথম শাহাদাত বরণ করেন আমাদের রংপুরের কৃতি সন্তান আবু সাঈদ এবং চট্টগ্রামের কৃতি সন্তান ওয়াসিম আকরাম। ফ্যাসিবাদী সরকারের বুলেটে যখন তাদের বুক ঝাঁঝরা করে দেওয়া হয়েছিল, তারপর থেকেই এই আন্দোলন এক সর্বাত্মক ও ব্যাপক রূপ লাভ করে। যার ফলশ্রুতিতে গত ৫ই আগস্ট পুরো জাতির অংশগ্রহণে আমরা চূড়ান্ত সফলতা লাভ করি এবং ফ্যাসিবাদের পতন ঘটে।"

তিনি আরও বলেন, "আজকের এই দিনটিকে আমরা যুগ যুগ ধরে স্মরণ করবো। ১৬ই জুলাইসহ পুরো জুলাই গণঅভ্যুত্থান আমাদের আগামী দিনে গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দেশকে সমৃদ্ধ করার মূল প্রেরণা। এই চেতনায় উদ্বুদ্ধ হয়েই মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের সরকার একটি নির্বাচিত ও জনগণের প্রতিনিধিত্বশীল সরকার হিসেবে যাত্রা শুরু করেছে। ইনশাআল্লাহ, বাংলাদেশের মানুষকে সাথে নিয়ে জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় ভর করে আমরা একটি সমৃদ্ধ ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তুলবো।"

শ্রদ্ধা নিবেদন শেষে মন্ত্রী শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান এবং দেশের সকল স্তরের মানুষকে এই গণতান্ত্রিক অগ্রযাত্রায় শামিল হওয়ার জন্য আহ্বান জানান।

---

## এ বিভাগের আরও খবর



**বৈষম্যহীন দেশ গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে: প্রধানমন্ত্রী**
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সুখী-সমৃদ্ধ বৈষম্যহীন বাংলাদেশ গড়তে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। যে যার অবস্থান থেকে ঐক্যবদ্ধভাবে এগ...



**লিবিয়া থেকে ফিরলেন ১৭১ বাংলাদেশি**
লিবিয়ার বেনগাজীর গানফুদা ডিটেনশন সেন্টারে আটক ১৭১ বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনা হয়েছে। বৃহস্পতিবার (১৬ জুলাই) ভোর ৬টা ২২ মিনিটে বুরাক এয়ারের এ...



### নবম ওয়েজ বোর্ড ছাড়া সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা নিশ্চিত সম্ভব নয়: তথ্যমন্ত্রী

নবম ওয়েজ বোর্ড বাস্তবায়ন ছাড়া সাংবাদিকদের পেশাগত নিরাপত্তা, সম্মানজনক বেতন-ভাতা ও চাকরির স্থায়িত্ব নিশ্চিত করা সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ত...



### ৪৫ বছর পর জিয়াউর রহমান হত্যার মূল ঘাতক মেজর মোজাফফর গ্রেপ্তার

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান হত্যা মামলার অন্যতম পরিকল্পনাকারী ও দীর্ঘ ৪৫ বছর ধরে পলাতক থাকা আসামি মেজর (অব.) মোজাফফর হোসেনকে গ্রেপ্তার করে...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/national/julai-shhidder-chetna-niye-gntantrik-bangladesh-gre-tola-hbe-muktijuddh-bishyk-mntri